

ফরম-২
[বিধি ৩(২) দ্রষ্টব্য]

মাদকদ্রব্য আমদানী/রপ্তানী লাইসেন্স।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০নং আইন) এর ধারা ১১ এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা, ১৯৯৯ এর বিধি ৩ এর বিধান অনুসারে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা -----
নিম্নবর্ণিত শর্তাবলী ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার/উহার-----
তারিখের ----- আবেদনের পরিপ্রেক্ষিতে এতদ্বারা মাদকদ্রব্য আমদানি/
রপ্তানীর লাইসেন্স প্রদান করিলঃ

- ১। লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ঃ-----
- ২। ঠিকানা ঃ-----
অফিস ঃ-----
ব্যবসা স্থান ঃ-----
- ৩। আমদানী/রপ্তানী লাইসেন্স ও আমদানী/রপ্তানী পারমিট নংঃ-----
প্রদানকারী কর্তৃপক্ষ ঃ-----
- ৪। ঔষধ প্রশাসন প্রদত্ত ড্রাগ লাইসেন্স নংঃ-----
- ৫। আমদানী/রপ্তানীর জন্য নির্বাচিত মাদকদ্রব্য এবং উহার উপকরণের বিস্তারিত বিবরণ ও পরিমাণঃ -----

- ৬। মোট মূল্যঃ -----

শর্তাবলীঃ

১. এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ১৫ই জুনের মধ্যে ----- টাকা অগ্রিম লাইসেন্স ফি পরিশোধ পূর্বক লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে।
২. এই লাইসেন্সে ১লা জুলাই হইতে ৩০শে জুন বা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে।
৩. এই লাইসেন্স মহাপরিচালকের অনুমোদন ব্যতীত হস্তান্তর ও স্থানান্তরযোগ্য নহে।
৪. এই লাইসেন্সের অধীন মাদকদ্রব্যসমূহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০(১৯৯০ সনের ২০নং আইন) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা ১৯৯৯ এবং এই লাইসেন্সের শর্তাধীন ব্যতীত অন্য কোন ভাবে ব্যবহার করা যাইবে না।

৫. এই লাইসেন্সের আওতায় কোন আমদানি, রপ্তানি বা বিক্রয় করিতে হইলে তাহা ৪নং শর্তে বর্ণিত ক্ষেত্র ছাড়াও সরকারের বৈদেশিক মুদ্রা সংক্রান্ত নীতিমালা, আমদানী, রপ্তানী নীতিমালা এবং সরকারের শুল্ক, আবগারী ও ভ্যাট সংক্রান্ত নীতি ও বিধিমালা যথাযথভাবে অনুসরণ করিতে হইবে।
৬. একমাত্র লাইসেন্সে উল্লিখিত স্থান ব্যতীত মহাপরিচালকের অনুমোদন ব্যতিরেকে অন্য কোথাও এই লাইসেন্সের আওতায় ব্যবসা পরিচালনা বা মাদকদ্রব্য মজুত রাখা যাইবে না।
৭. দেশের বা বিদেশের একমাত্র বৈধ প্রতিষ্ঠান বা ব্যক্তির সংগে সে দেশের/এই দেশের প্রচলিত আইনের বিধান পালন করতঃ এই লাইসেন্সের আওতায় মাদকদ্রব্য আমদানি, রপ্তানি ও ক্রয়-বিক্রয় সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন করা যাইবে।
৮. লাইসেন্সধারী তাহার আমদানীকৃত যাবতীয় মাদকদ্রব্য উপযুক্ত নিরাপত্তা ব্যবস্থাবিনে সংরক্ষণ বা মজুত করিবেন।
৯. লাইসেন্সধারী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে দিনে বা রাতে যে কোন সময় তাহার লাইসেন্স প্রেমিজ, তথাকার যাবতীয় স্থাপনা, মজুত, রেজিষ্টারসমূহ, হিসাব-পত্র ইত্যাদি পরিদর্শন ও পরীক্ষায় সকল প্রকার সহযোগিতা করিবেন।
১০. লাইসেন্সধারী প্রত্যেকবার কোন মাদকদ্রব্য আমদানির পর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে লিখিতভাবে রিপোর্ট করিবেন এবং উক্ত কর্মকর্তার ব্যক্তিগত উপস্থিতি ও পরীক্ষা-নিরীক্ষা ছাড়া কোন মাদকদ্রব্যের মোড়ক খুলিতে বা উহা হইতে কোন কিছু বিক্রয়, কিংবা উহা কোন উৎপাদন কাজে ব্যবহার করিতে পারিবেন না।
১১. লাইসেন্সধারী উপযুক্ত লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি ছাড়া অন্য কাহারও নিকট তাহার আমদানিকৃত মাদকদ্রব্য বিক্রয় বা কোনরূপ হস্তান্তর করিতে পারিবেন না।
১২. লাইসেন্সধারী নির্ধারিত ফরমে তাহার আমদানিকৃত সকল মাদকদ্রব্যের নিয়মিত হিসাব সংরক্ষণ করিবেন।
১৩. লাইসেন্স গ্রহণ কালে তাহার পরিবেশিত কোন তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০নং আইন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা, ১৯৯৯ এই লাইসেন্সের কোন শর্তাবলী কিংবা মহাপরিচালকের কোন আদেশ লংঘন করিলে বিধি মোতাবেক এই লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ উহা বাতিল, প্রত্যাহার বা সাময়িকভাবে স্থগিত করিতে পারিবেন।
১৪. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০নং আইন) লংঘন কিংবা লাইসেন্সের শর্ত ভংগের কারণে লাইসেন্স বাতিল কিংবা অন্য কোন আইনসম্মত ব্যবস্থা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা, ১৯৯৯ গ্রহণ করা হইলে উহার বিরুদ্ধে বিভাগীয় আপীল ব্যতীত কোন আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও পদবী।

বিশেষ দ্রষ্টব্য :

- এই লাইসেন্স দুই কপিতে ইস্যু হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সী উহার শর্তাবলী সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।
- এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী কর্মকর্তার অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, ইত্যাদি না থাকিলে উহা বৈধ বলিয়া গণ্য হইবে না।